



বাংলাদেশ ব্যাংক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd



বিজ্ঞপ্তি নং : ৯০/২০২১

তারিখ : ২৮ অগ্রহায়ণ, ১৪২৮
১৩ ডিসেম্বর, ২০২১

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (জেনারেল)' পদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিত
লিখিত পরীক্ষার আসন বিন্যাস সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (জেনারেল)' পদে নিয়োগের লক্ষ্যে বিগত ০১/১২/২০১৯ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-৫৬/২০১৯-এর সূত্রে গত ১২/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত MCQ Test-এ উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ১৮/১২/২০২১ তারিখ শনিবার সকাল ১০.০০টা থেকে দুপুর ১২.০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ২-৭ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তসমূহ অত্যাবশ্যিকীয়ভাবে পরিপালনের জন্য পরীক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। পরীক্ষার কেন্দ্র এবং আসন বিন্যাস নিম্নরূপ :

ক্রম	কেন্দ্র	ঠিকানা	রোল নম্বর	প্রার্থী সংখ্যা
১	ইউনিভার্সিটি উইমেনস ফেডারেশন কলেজ	১৬, ১৬/এ(নিউ-১৩) রোড-৬, ধানমন্ডি, ঢাকা।	৪০০০৮১ - ৪২৩২৪৭	১০০০
২	ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ	বুয়েট ক্যাম্পাস, ঢাকা।	৪২৩২৭৮ - ৪৭৬৪৩৩	২২৬৮
৩	তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়	ফার্মগেট, তেজগাঁও, ঢাকা।	৪৭৬৪৩৭ - ৫১২৩৪১	১৫০০
৪	খিলগাঁও মডেল কলেজ	ব্লক-সি, ৭২১/১, খিলগাঁও, ঢাকা।	৫১২৩৫০ - ৫৬৯৪১৯	২৫৫০
৫	খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়	খিলগাঁও, ঢাকা	৫৬৯৪৩৫ - ৬০৪০৬৭	১৫৫০
৬	কদমতলা পূর্ব বসাবো স্কুল এন্ড কলেজ	২৮/৩, কদমতলা, বাসাবো, ঢাকা।	৬০৪০৯০ - ৬৪৬৮৬৩	১৯০০
সর্বমোট				১০৭৬৮

- প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
- পরীক্ষার কেন্দ্রে কোনো কাগজ, বই, মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ, সব ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস, ক্রেডিট ও ডেবিট কার্ড, ক্রেডিট ও ডেবিট কার্ড সদৃশ কোনো ডিভাইস, গহনা, ব্রেসলেট, মানিব্যাগ/ওয়ালেট ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এর ব্যত্যয় হলে প্রার্থীকে বহিষ্কার করা হবে।
- প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১(এক) ঘন্টা পূর্বে প্রার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। ঠিক সকাল ১০.০০টায় পরীক্ষা কেন্দ্রের মূল ফটক বন্ধ হবে এবং এরপর কোনো অবস্থাতেই কোনো প্রার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
- প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। মাস্ক পরিধান ব্যতিরেকে কোনো প্রার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।
- প্রার্থীকে ০৬(ছয়) ডিজিটের পূর্ণাঙ্গ রোল নম্বর যথাযথভাবে মিলিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করার পরামর্শ প্রদান করা হলো।
- পরীক্ষার সময় প্রার্থীরা কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না, উভয় কান দৃশ্যমান রাখতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-
(মোঃ গোলাম মোস্তফা)
মহাব্যবস্থাপক